



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)

৮ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০৪.২১. ৪২৭

তারিখ: ০৬.০৫.২০২১

বিজ্ঞপ্তি

সিনিয়র অফিসার (ইঞ্জি.) এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগপত্র ইস্যু প্রসঙ্গে

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের ২৩ ডিসেম্বর ২০২০ তারিখের বিজ্ঞপ্তি নং ১৮৮/২০২০ ও ১০ ডিসেম্বর ২০২০ তারিখের বিজ্ঞপ্তি নং ১৭৬/২০২০ এর মাধ্যমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এ সিনিয়র অফিসার (ইঞ্জি.) ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণের অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে:

পদের নাম	গ্রেড	রোল নম্বর
সিনিয়র অফিসার (ইঞ্জি.)	৯	2638
ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার	১০	1048

০২। প্রার্থীগণকে ২৪.০৫.২০২১ তারিখে চাকরিতে যোগদানের নিমিত্ত সহকারী মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪), ৮ রাজউক এভিনিউ, ঢাকা -এর নিকট আগামী ২৩.০৫.২০২১ তারিখে রিপোর্ট করতে হবে।

০৩। প্রার্থীগণকে নিজ খরচে যে কোন স্বনামধন্য (সরকারি/বেসরকারি) হাসপাতাল হতে ডোপ টেস্ট (Urin for Amphetamine & Urin for Cannabinoid), ব্লুকের এক্স-রে এবং রক্তের TC, DC, ESR, Hb, Blood Group with RH Factor, HbsAg রিপোর্টসহ কর্পোরেশনের মেডিক্যাল রিটেইনারের নিকট স্বাস্থ্য পরীক্ষার জন্য উপস্থিত হতে হবে। কর্পোরেশনের চিকিৎসক কর্তৃক উপযুক্ত ঘোষিত হলে প্রার্থীগণকে চাকরিতে যোগদান করতে দেয়া হবে।

০৪। চাকরিতে যোগদানকালে প্রার্থীগণকে নিম্নলিখিত সনদ ও আনুষঙ্গিক কাগজপত্র প্রদান করতে হবে:

- শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত কপি;
- সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪ (চার) কপি সত্যায়িত রঙিন ছবি;
- আত্মীয়তার সম্পর্ক নেই এরূপ দু'জন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে চরিত্র ও সততা সম্পর্কে চারিত্রিক সনদপত্র;
- প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি;
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি;
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- চাকরিরত থাকলে সর্বশেষ নিয়োগকর্তার ছাড়পত্র; এবং
- কোটার স্বপক্ষে দলিলাদির সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(জাহাঙ্গীর হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ই-মেইল: agm_hr@icb.gov.bd

ফোন : ০২-৪১০৫০৬১৭